

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ওয়েবসাইট: www.ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.১১.২৭.০০২.২০২২-৬৬

তারিখ: ২৭ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ  
১৯ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক প্রকাশিত ৪র্থ নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী প্রতিষ্ঠান প্রধানের ক্রটিপূর্ণ চাহিদা প্রদান, যোগদানে বাধা দান, মামলা জনিত কারণ এবং অন্যান্য কারণে যোগদান করতে পারেননি এ সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ০৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৩৭.০৫.০০০০.০৭৩. ১০১. ১৯.২১ (অংশ-১)-২৭ সংখ্যক স্মারক প্রশাসনিক অনুমোদনকৃত ৯৭ জন প্রার্থীর মধ্যে ৭৮ জন প্রার্থীকে বিভিন্ন প্রতিষ্ঠানে পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন কার্যক্রম চলমান অবস্থায় কতিপয় শর্ত সাপেক্ষে নিয়োগের জন্য পুনঃসুপারিশ করা হয়েছে এবং ১১ জন প্রার্থীকে চূড়ান্ত সুপারিশ করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত ৯৭ জন প্রার্থীদের মধ্যে ৮৯ জন প্রার্থীকে গত ১২ মার্চ, ২০২৩ তারিখের ৩৭.০৫.০০০০.১১.২৭.০০১.২০২২-৩৩ সংখ্যক স্মারক মূলে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছিল এবং গত ২০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে ৩৭.০৫.০০০০. ১১.২৭. ০০২.২০২২-৩৪৮ সংখ্যক স্মারকমূলে এর মধ্যে ৭৮ জনকে নিয়োগ সুপারিশ করা হয়েছিল।

২। এছাড়া ফলাফল প্রক্রিয়াকরণের সময় ০৮ জন প্রার্থীর রোল নম্বর ইনডেক্সধারী না হয়েও ইনডেক্সধারী হিসেবে বিবেচনা করে টেলিটক সফটওয়্যার কর্তৃক প্রাথমিক নির্বাচন থেকে বাদ দেয়া হয়। গত ০৬ জুন, ২০২৩ তারিখে ৩৭.০৫.০০০০. ১১.২৭. ০০২.২০২২-৮৯ সংখ্যক স্মারকে শূন্য পদ প্রাপ্তি সাপেক্ষে তাদেরকে পরবর্তীতে নির্বাচন করা হবে মর্মে উল্লেখ ছিল বিধায় উক্ত ০৮ জন প্রার্থীকেও নিয়োগ সুপারিশ করা হলো।

৩। নিয়োগ সুপারিশের বিষয়টি সংশ্লিষ্ট সুপারিশপ্রাপ্ত প্রার্থী ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে এসএমএস যোগে অবহিত করা হয়েছে। সুপারিশপ্রাপ্ত প্রার্থীকে এনটিআরসিএ এর ওয়েবসাইটের ([www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)) ৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২ নামক সেবা বক্সে অথবা সরাসরি <http://ngi.teletalk.com.bd> লিংকে প্রবেশ করে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহারের মাধ্যমে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোড করে সুপারিশ পত্রে বর্ণিত প্রতিষ্ঠানে এবং উল্লিখিত তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

৪। পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন প্রতিবেদনে নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থী অনুপযুক্ত বিবেচিত হলে এ সুপারিশপত্র তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রার্থীকে অব্যাহতি প্রদান করবে।

৫। কোন প্রতিষ্ঠান প্রধান টেকনিক্যাল কারণে SMS না পেলে এনটিআরসিএ-এর ওয়েবসাইট থেকে তার প্রতিষ্ঠানে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের তালিকা এবং সুপারিশপত্র সংগ্রহ করতে পারবেন।

  
১১.০৩.২০২৪  
(মোঃ নূর আলম সিদ্দিকী)  
সদস্য (যুগ্মসচিব)  
শিক্ষাতন্ত্র ও শিক্ষামান  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোনঃ ০২-৪১০৩০০৪২